

১৭-র প্রতিবিশ্ব ৭১

- প্রকৌশলী নির্মল কুমার কর্মকার
বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড

মার্চের ১৭-তে যে শিশুটি
মায়ের কোলে এসেছিল আলোক শিখায়,
৭১-এর মার্চে সে যে
পরিণত হলো আলোক বর্তিকায়।

ধন্য মাতা সায়েরা খাতুন পিতা লুৎফর রহমান
আরও ধন্য টুঙ্গীপাড়া,
হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালীর
জন্ম দিয়েছে যারা।

আজন্মকাল দাস ছিল যারা
ছিল চির পরাধীন,
নতজানু থাকা সেই বাঙালীর বুকে
যে জাগালো হতে হবে স্বাধীন।

সে আর কেউ নয় সে যে
আমাদের আদরের ধন,
বাংলা মায়ের শ্রেষ্ঠ সন্তান
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

থোকার জন্ম স্মৃতিচারণে দিনটি পালিত হয়
জাতীয় শিশু দিবস হিসেবে,
ধনী গরীব নির্বিশেষে দেশের
সকল শিশু সম-অধিকার পাবে।

মার্চের ১৭-এর ছোট্ট থোকাটি ৭১-এর মার্চে
ঘোষণা দিয়েছে স্বাধীনতা,
সেই থেকে থোকা হয়ে গেছে যে
বাঙালী জাতির পিতা।

১৭, ৭১ সংখ্যা দু'টি তাই
হয়ে গেল ইতিহাস,
স্মরণে থাকবে আজীবনকাল
এ যে বাঙালীর বিশ্বাস।

মুজিব মানেই স্বাধীনতা
এক নতুন কাব্য গাঁথা,
বাংলাদেশের অনুরণন তিনি
এক অবিসংবাদিত নেতা।